মডেল টেস্ট-০৪

# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১×৫০=৫০**

**১. তুলিকা মিত্র প্রতিদিনই কোনো না কোনো জীবের সেবা করার চেষ্টা করেন। তার এ কাজটি কী হিসেবে পরিগণিত হবে?**
ক. ধর্ম খ. যোগসাধনা
গ. মোক্ষলাভ ঘ. জ্ঞানযোগ

**২. ঈশ্বরের সন্তুষ্টি লাভের জন্য আমরা—**
ক. দেবালয় স্থাপন করব
খ. মূর্তি তৈরি করব
গ. জীবসেবা করব ঘ. মন্দিরে যাব

**৩. মিতা ভারতে অবস্থিত ধর্মক্ষেত্র নামক স্থানটিতে বেড়াতে গেল। সে নিচের কোন স্থানটিতে গেল?**
ক. রাজস্থান খ. বারাণসী
গ. কুরুক্ষেত্র ঘ. আসাম

**৪. সমাজে কোন কাজের মাধ্যমে তুমি ঈশ্বরের সেবা করবে?**
ক. পূজা করে খ. ধ্যান করে
গ. কীর্তন করে ঘ. জনসেবা করে

**৫. আমরা অসহায় মানুষের পাশে দাঁড়াব, কারণ—**
ক. তাকে সাহায্য করার কেউ নেই
খ. তার কিছু করার সামর্থ্য নেই
গ. সকল জীবের মধ্যে ঈশ্বর আছেন
ঘ. সকলে সুখী হবে

**৬. ঈশ্বরকে সন্তুষ্ট করতে তুমি কোন কাজটি করবে?**
ক. দীর্ঘ সময় ধরে ধ্যান করব
খ. ক্ষুধার্ত মানুষকে খাবার দেব
গ. বৃক্ষরোপণ করব ঘ. ধর্মগ্রন্থ বেদ শুনব

**৭. তোমার মা ঈশ্বরকে ভগবান বলে ডাকেন। তিনি কেন তাঁকে ভগবান বলেন?**
ক. বিশ্বজগৎ সৃষ্টি করেছেন বলে
খ. আমাদের কৃপা ও মঙ্গল করেন বলে
গ. জীব-জগতের ওপর প্রভুত্ব করেন বলে
ঘ. সকল প্রাণের উৎস বলে

**৮. মৌমিতার মা প্রতি বৃহস্পতিবার লক্ষ্মী দেবীর পূজা করেন। তিনি মূলত কার পূজা করেন?**
ক. ঈশ্বরের খ. ব্রহ্মার
গ. অবতারের ঘ. যোগীর

**৯. শক্তির দেবী হিসেবে আরধ্যের আম্মু কার পূজা করবে?**
ক. মনসা খ. দুর্গা
গ. লক্ষ্মী ঘ. কালী

**১০. মিত্র শ্রীমদভাগবতপুরাণ থেকে ঈশ্বরের অবতার রূপ সম্পর্কে জানল। ঈশ্বরের পূর্ণাবতার সম্পর্কে সে কী জানল?**
ক. রাম স্বয়ং ভগবান খ. শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান
গ. পূর্ণাবতার বলে কেউ নেই
ঘ. অবতারগণ সবাই ঈশ্বরের পূর্ণাবতার

**১১. তোমার মা নিয়মিত উপাসনা করতে চান। এজন্য তার কী প্রয়োজন হবে?**
ক. দেহ-মন পবিত্র হতে হবে
খ. ঈশ্বর সম্পর্কিত জ্ঞান থাকতে হবে
গ. উচ্চ বংশীয় হতে হবে
ঘ. প্রচুর অর্থসম্পদ থাকতে হবে

**১২. ঈশ্বরের কাছে তুমি সবসময় তোমার মঙ্গল কামনা কর। তোমার এ কাজটিতে কী প্রকাশ পেয়েছে?**
ক. উপাসনা খ. ধ্যান
গ. প্রার্থনা ঘ. কীর্তন

**১৩. মাহিমের বাবা খুব অসুস্থ হয়ে পড়লো। মাহিম তার বাবার সুস্থতা ঈশ্বরের নিকট চাইলো। এই সুস্থতা চাওয়াকে কী বলবে?**
ক. আরাধনা খ. উপাসনা
গ. প্রার্থনা ঘ. ধ্যান

**১৪. ব্রাহ্মণত্ব লাভ করার জন্য পুরোহিত মশায় তোমাকে ব্রহ্মজ্ঞান লাভ করতে বললেন। এক্ষেত্রে তুমি কোন গ্রন্থটি পড়বে?**
ক. বেদ খ. মহাভারত
গ. রামায়ণ ঘ. স্মৃতিশাস্ত্র

**১৫. বিনয় প্রতিদিন সন্ধ্যায় পরিচ্ছন্ন হয়ে ঈশ্বরের উপাসনা করে। তার এ নিত্যকর্ম কোন পর্যায়ভুক্ত?**
ক. প্রাতঃকৃত্য খ. মধ্যাহ্নকৃত্য
গ. সায়াহ্নকৃত্য ঘ. রাত্রিকৃত্য

**১৬. সৌমিক সেন একজন আয়ুর্বেদী চিকিৎসক। নিচের কোন সংহিতাটি তার কাজে সহায়তা করতে পারে?**
ক. সামবেদ খ. ঋগবেদ
গ. অথর্ববেদ ঘ. সামবেদ

**১৭. তোমার বন্ধু সব রকমের দুর্বলতা পরিহার করে, ঈশ্বরের নামে সকল কর্ম করছে। সে কোন ধর্মগ্রন্থকে অনুসরণ করছে বলে তুমি মনে কর?**
ক. গীতা খ. মহাভারত
গ. রামায়ণ ঘ. উপনিষদ

**১৮. স্বামী প্রণবানন্দকে অনুসরণ করে তুমি নিজেকে কোন দেবতার ভক্ত হিসেবে গড়ে তুলবে?**
ক. শিবের খ. মহাদেবের
গ. বিষ্ণুর ঘ. অগ্নির

**১৯. তোমার বন্ধু ঈশ্বরকে গড বলে ডাকে। সে কোন ধর্মের অনুসারী?**
ক. খ্রিষ্ট খ. বৌদ্ধ
গ. হিন্দু ঘ. ইসলাম

**২০. সমাজকে কুসংস্কার মুক্ত করতে হলে প্রয়োজন—**
ক. ন্যায়বোধ খ. কর্তব্যবোধ
গ. সত্যবাদিতা ঘ. সকলের সহযোগিতা

**২১. তোমার বন্ধু সকল ধর্মের প্রতি শ্রদ্ধাশীল থাকে। তার এ আচরণে নিচের কোন নৈতিক গুণটি ফুটে উঠেছে?**
ক. ধর্মীয় সাম্য খ. সততা
গ. সামাজিকতা ঘ. ন্যায়পরায়ণতা

Teachingbd.com

২২. 'আমরা শুধু সকল ধর্মকে সহ্য করি না, সকল ধর্মকে সত্য বলে বিশ্বাস করি।'— এ কথাটির দ্বারা কোন বৈশিষ্ট্যটি পরিলক্ষিত হয়েছে বলে তুমি মনে কর?
ক. শিষ্টাচার খ. পরোপকার
গ. পরমতসহিষ্ণুতা ঘ. সত্যবাদিতা

২৩. তোমার শিক্ষক তোমার বাড়িতে বেড়াতে আসলে প্রথমে তুমি কী করবে?
ক. বসতে বলব খ. প্রণাম করব
গ. জলখাবার খেতে দিব ঘ. আসার কারণ জানব

২৪. শ্রেণিকক্ষে দিনের বেলায় বৈদ্যুতিক বাতি জ্বলছে। তুমি বাতিটি নিভিয়ে দিয়েছ, কারণ—
ক. সূর্যালোক পর্যাপ্ত আলো দেয়
খ. অন্য ছাত্ররা বলেছে সুইস বন্ধ করবে
গ. শিক্ষক বলেছেন সুইস বন্ধ করতে
ঘ. সম্পদ রক্ষা করা উচিত

২৫. দেবর্ষি নারদ ভগবান শ্রীকৃষ্ণের সামনে এলেন। উঠে দাঁড়ালেন ভগবান শ্রীকৃষ্ণ। নারদ না বসা পর্যন্ত ভগবান শ্রীকৃষ্ণ নিজ আসনে বসলেন না। এখানে, ভগবান শ্রীকৃষ্ণ হতে তুমি কোন গুণটি শিখবে?
ক. শিষ্টাচার খ. সহনশীলতা
গ. উদারতা ঘ. ত্যাগ

২৬. তুমি জীবনে অনেক বড় হতে চাও। এজন্য তোমাকে কী করতে হবে?
ক. শিষ্টাচার শিখতে হবে
খ. দান করতে হবে
গ. অহিংস হতে হবে
ঘ. পরমতসহিষ্ণু হতে হবে

২৭. প্রাচীন ভারতের 'ঋষি বশিষ্ঠ ও রাজা বিশ্বামিত্র' সম্পর্কে একটি ঘটনা আছে। এ ঘটনাটি হতে তুমি কোন নীতি শিক্ষাটি লাভ কর?
ক. সদা সত্য কথা বলা খ. ত্যাগ স্বীকার করা
গ. অহিংসা ধর্মের অঙ্গ ঘ. উদারতা প্রকাশ করা

২৮. তোমার বিদ্যালয়ের ১ম শ্রেণির একজন শিক্ষার্থী বিদ্যালয়ের পাশে পুকুরে পড়ে গেছে। এ অবস্থায় তুমি কী করবে?
ক. বাড়িতে খবর পাঠাব খ. প্রধান শিক্ষককে বলব
গ. তার মাকে সাহায্য করার জন্য বলব
ঘ. বন্ধুরা মিলে উদ্ধার করব

২৯. মন্দিরের গেইটে একজন বৃদ্ধ মহিলা সবসময় বসে থাকে। হঠাৎ করে দেখা গেল সে আর আসছে না। এর জন্য তুমি কী করবে?
ক. মন্দিরের লোকদের জিজ্ঞাসা করবে
খ. সে কোথায় থাকে খোঁজ নেবে
গ. তার সাথে দেখা করার চেষ্টা করব
ঘ. তার সমস্যা সমাধানের চেষ্টা করব

৩০. তুমি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে চাও। এজন্য তুমি নিম্নের কোনটি করবে?
ক. যোগব্যায়াম খ. লেখাপড়া
গ. মন্ত্র-সাধন ঘ. বেশি করে আহার গ্রহণ

৩১. ঈশ্বরকে পাওয়ার জন্য শরীর ও মনের প্রস্তুতি হিসেবে আমরা করি—
ক. যোগব্যায়াম খ. পরিমিত আহার
গ. শরীর চর্চা ঘ. উপবাস

৩২. রমার বোনের বিয়েতে গিয়ে দেখলে অনেক খাবারের আয়োজন করা হয়েছে। কেমন খাবার তুমি পছন্দ করবে?
ক. মুখরোচক খাবার খ. সব রকমের খাবার
গ. পরিমিত খাবার
ঘ. বড়দের সমপরিমাণ খাবার

৩৩. তুমি নিয়মিত সর্বাঙ্গাসন অনুশীলন কর। এর ফলে তোমার—
ক. স্নায়ুমণ্ডলী সতেজ হবে
খ. মাংসপেশি পুষ্ট হবে
গ. মেরুদণ্ড সোজা হবে
ঘ. বাত রোগ সেরে যাবে

৩৪. তোমার বন্ধু সাধনার জন্য মনকে প্রস্তুত করতে চায়। এজন্য তাঁকে কোন কাজটি করতে হবে?
ক. উপবাস করতে হবে
খ. ঈশ্বরের সেবা করতে হবে
গ. আসন অনুশীলন করতে হবে
ঘ. মানুষের সেবা করতে হবে

৩৫. তোমার বাবার হাঁপানি রোগ আছে। তুমি এ রোগ থেকে বাঁচার জন্য তাকে কোন আসন অনুশীলনের পরামর্শ দিবে?
ক. শবাসন খ. গোমুখাসন
গ. সর্বাঙ্গাসন ঘ. পদহস্তাসন

৩৬. তুমি দেখলে যে, রাস্তার ওপর কিছু আবর্জনা পড়ে আছে, কিন্তু কেউ পরিষ্কার করছেন না। এ অবস্থায় তোমার করণীয় কী?
ক. সমস্যাটি এড়িয়ে যাব
খ. স্থানীয় প্রশাসনকে বলব কিছু করার জন্য
গ. দল গঠন করে এটি পরিষ্কার করব
ঘ. সমস্যাটি শিক্ষককে বলব

৩৭. তুমি দেশকে ভালোবাস, এটি তোমার মধ্যে কী তৈরি করবে?
ক. জনগণের প্রতি আবেগ খ. দেশের প্রতি অনুরাগ
গ. নিজ দেশের জন্য গর্ববোধ
ঘ. দেশের কল্যাণের জন্য কঠোর পরিশ্রম করা

৩৮. অনিতা দেবী তার পুত্রকে সকল অন্যায়ের বিরুদ্ধে রুখে দাড়াতে উৎসাহ প্রদান করেন। অনিতা দেবীর সাথে তোমার পাঠ্যবইয়ের কার সাদৃশ্য রয়েছে?
ক. ভগ্নি নিবেদিতা খ. রানি রাসমনি
গ. রানি বিদুলা ঘ. মা আনন্দময়ী

৩৯. পূজারীগণ যখন দেবদেবীর মূর্তি দর্শন করে তখন তাদের মনে উদিত হয় ঈশ্বরের প্রতি—
ক. অনুরাগ খ. আবেগ
গ. আনন্দ ঘ. গর্ব

৪০. হিন্দুধর্ম যুগ যুগ ধরে তার অনুসারীদের মধ্যে নৈতিক গুণের বিকাশ ঘটিয়েছে। এ ধর্ম সকল ধর্মকে কী বলে মানে?
ক. সত্য খ. অসত্য
গ. মিথ্যা ঘ. বানোয়াট

৪১. তুমি দু'জন বন্ধুকে নিয়ে চৈত্র সংক্রান্তির মেলায় চড়কপূজা দেখতে গেলে, তুমি সেখানে দেখলে—
ক. ঐতিহ্যের প্রতি সম্মান
খ. দেশের গর্ব গ. পরিবারে গ্রহণযোগ্যতা
ঘ. প্রথার প্রতি সম্মান

teachingbd.com

৪২. ধর্মদেব অতিথি হয়ে এসেছিলেন কারণ—
ক. দরিদ্র ব্রাহ্মণকে সাহায্য করতে
খ. জীবসেবার আদর্শ দেখাতে
গ. দরিদ্রতা দূর করতে
ঘ. আতিথেয়তা গ্রহণ করতে

৪৩. সকল প্রাণের উৎস কী?
ক. ব্রহ্ম খ. শিব
গ. বিষ্ণু ঘ. গণেশ

৪৪. উপাসনা হলো ঈশ্বরের—
ক. আরাধনা করা খ. জ্ঞান অর্জন করা
গ. ধ্যান করা ঘ. মনোযোগী হওয়া

৪৫. 'হিন্দু' শব্দের উৎপত্তি কাদের দ্বারা?
ক. পারসিকদের খ. ভারতীয়দের
গ. চৈনিকদের ঘ. ফিনিশীয়দের

৪৬. শুনে শুনে বেদ মনে রাখার নিয়মকে কী বলা হয়?
ক. স্মরণ খ. শ্রবণ
গ. শ্রুতি ঘ. মুখস্থকরণ

৪৭. মাদারীপুরের বিপ্লবীদের নেতা কে ছিলেন
ক. পূর্ণদাস খ. বিনোদ
গ. বিষ্ণুচরণ ঘ. জ্ঞানদাস

৪৮. ধর্মীয় সাম্যবোধ জাগ্রত হয়—
ক. ঈশ্বর সর্বজীবে বিরাজমান বিশ্বাসে
খ. নিজধর্মের লোকদের ভালোবাসলে
গ. অন্যধর্মের লোকদের ভালোবাসলে
ঘ. বৃক্ষরাজিকে ভালোবাসলে

৪৯. কত খ্রিষ্টাব্দে আমেরিকার শিকাগো শহরে এক ধর্ম মহাসভা অনুষ্ঠিত হয়েছিল?
ক. ১৮৯৪ খ্রিষ্টাব্দে খ. ১৮৯৩ খ্রিষ্টাব্দে
গ. ১৮৯২ খ্রিষ্টাব্দে ঘ. ১৮৯১ খ্রিষ্টাব্দে

৫০. কে মনে মনে বশিষ্ঠকে হিংসা করতেন?
ক. বিশ্বামিত্র খ. পরশুরাম
গ. বাল্মীকি ঘ. বাল্যবর

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ১×১৫=১৫

ক. আত্মা বলতে কী বোঝ?
খ. ঈশ্বরের শক্তির প্রকাশ কীভাবে ঘটে বলে তুমি মনে কর?
গ. আমরা কেন খারাপ কাজ পরিহার করব?
ঘ. সৎপথে চলার জন্য তুমি কোন ধরনের গ্রন্থ পড়বে?
ঙ. হিন্দুধর্মাবলম্বী হিসেবে তুমি কার নামে পূজা দেবে?
চ. পরমতসহিষ্ণুতা বলতে কী বোঝায়?
ছ. 'বশিষ্ঠের অহিংসা ধর্ম' কাহিনিটি অধ্যয়ন করলে তুমি কয়টি চরিত্র দেখতে পাবে?
জ. দেহ সবল করার জন্য আমরা প্রতিদিন কী করব?
ঝ. একজন দেশপ্রেমিক কীভাবে দেশের স্বাধীনতাকে রক্ষা করেন?
ঞ. ধর্মক্ষেত্র বা তীর্থক্ষেত্র কীভাবে গড়ে ওঠেছে?
ট. বিষ্ণু বলি রাজাকে কীরূপে দমন করেছিলেন?
ঠ. দুটি আরণ্যকের নাম লেখ।
ড. শিষ্টাচার কথাটির অর্থ কী?
ঢ. যোগব্যায়ামের দুটি উপকারিতা লেখ।
ণ. দেশকে ভালোবাসা ও দেশের জন্য কাজ করাকে কী বলা হয়?

৩. কাঠামোবদ্ধ উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে যার মধ্যে প্রথম ৮টি হবে যোগ্যতাভিত্তিক। এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। শেষ ২টি প্রশ্ন হবে গতানুগতিক। এর মধ্যে ১টি প্রশ্নের উত্তর দিতে হবে।) ৫ × ৭ = ৩৫

ক. কমলিকা দেবী সবসময় তার প্রতিবেশীদের বিপদে-আপদে সহযোগিতা করেন। তিনি গৃহপালিত জীবজন্তুরও সেবা করেন। তিনি মূলত কার সেবা করেন? তিনি কোথায় অবস্থান করেন? আমরা কীভাবে তাঁকে সন্তুষ্ট রাখতে পারি তা তিনটি বাক্যে লেখ। ১ + ১ + ৩ = ৫

খ. তোমার বন্ধু তোমাকে শ্রেণিকক্ষে বসে তোমার পাঠ্য বই থেকে হিন্দুদের আদি ধর্ম গ্রন্থের একটি শ্লোক শোনাল। এখানে আদি ধর্মগ্রন্থ কী? তোমার পাঠ্য বইয়ের উক্ত গ্রন্থের শ্লোকটি অর্থসহ লেখ। ১ + ৪ = ৫

গ. তোমার বন্ধু এমন একখানি গ্রন্থ পাঠ করছে যেখানে শ্রীকৃষ্ণ অর্জুনকে অনেক উপদেশ দেন। সে কোন গ্রন্থ পাঠ করছে? উক্ত গ্রন্থটি মহাভারতের কোন পর্বের অংশ? উক্ত গ্রন্থ সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১ + ১ + ৩ = ৫

ঘ. তোমার বোন নিজেকে নারী জীবনের প্রতীকরূপে গড়ে তুলতে চায়। সে পাঠ্যবইয়ের কাকে অনুসরণ করবে? তাঁর প্রকৃত নাম কী? তাঁর শিক্ষা পদ্ধতি সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১ + ১ + ৩ = ৫

ঙ. তোমার ভাই একেবারেই খেতে চায় না। সে অনেক অসুস্থ হয়ে পড়েছে। সে কেন অসুস্থ হয়ে পড়েছে? তার আহার কেমন হওয়া উচিত? উক্ত কারণে তার কী ক্ষতি হতে পারে তা ৩টি বাক্যে লেখ। ১ + ১ + ৩ = ৫

চ.



চিত্রটি কোন আসনের? এ আসন প্রতিবার অভ্যাসের পর কতটুকু সময় শবাসন করতে হবে? এ আসনের তিনটি উপকারিতা লেখ। ১ + ১ + ৩ = ৫

ছ. শিক্ষক ক্লাসে এমন একজন রানির কথা বললেন, যিনি হারানো রাজ্য পুনরুদ্ধারের জন্য তাঁর পুত্রকে যুদ্ধ করার জন্য উৎসাহিত করেছিলেন। শিক্ষক কার কথা বললেন? রাজ্য পুনদ্ধারের জন্য তিনি তাঁর পুত্রকে কী বললেন তা ৪টি বাক্যে লেখ। ১ + ৪ = ৫

জ. তুমি এমন একটি উৎসবে অংশগ্রহণ করলে, যেখানে ধর্মীয় স্নান, দান, ব্রত, উপবাস প্রভৃতি অনুষ্ঠানের মধ্য দিয়ে উৎসবটি পালিত হচ্ছে। উক্ত অনুষ্ঠানটির নাম কী? কোন দিনে এই উৎসবটি পালিত হয়? এর সাথে জড়িত আরও ৩টি উৎসবের নাম লেখ। ১ + ১ + ৩ = ৫

ঝ. আমরা ধ্যান অনুশীলন করি কেন? ধ্যান অনুশীলনের সুফল সম্পর্কে চারটি বাক্য লেখ। ১ + ৪ = ৫

ঞ. ব্রাহ্মণ কীসে রচিত? ব্রাহ্মণ কী? ৩টি ব্রাহ্মণ গ্রন্থের নাম লেখ। ১ + ১ + ৩ = ৫

Teachingbd.com

# উত্তরমালা

১. ১. ক. ধর্ম; ২. গ. জীবসেবা করব; ৩. গ. কুরুক্ষেত্র; ৪. ঘ. জনসেবা করে; ৫. গ. সকল জীবের মধ্যে ঈশ্বর আছেন; ৬. ঘ. ধর্মগ্রন্থ বেদ শুনব; ৭. খ. আমাদের কৃপা ও মঙ্গল করেন বলে; ৮. ক. ঈশ্বরের; ৯. খ. দুর্গা; ১০. খ. শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান; ১১. ক. দেহ-মন পবিত্র হতে হবে; ১২. গ. প্রার্থনা; ১৩. গ. প্রার্থনা; ১৪. ক. বেদ; ১৫. গ. সায়াহ্নকৃত্য; ১৬. গ. অথর্ববেদ; ১৭. ক. গীতা; ১৮. ক. শিবের; ১৯. ক. খ্রিষ্ট; ২০. ঘ. সকলের সহযোগিতা; ২১. ক. ধর্মীয় সাম্য; ২২. গ. পরমতসহিষ্ণুতা; ২৩. খ. প্রণাম করব; ২৪. ঘ. সম্পদ রক্ষা করা উচিত; ২৫. ক. শিষ্টাচার; ২৬. গ. অহিংস হতে হবে; ২৭. গ. অহিংসা ধর্মের অঙ্গ; ২৮. ঘ. বন্ধুরা মিলে উদ্ধার করব; ২৯. গ. তার সাথে দেখা করার চেষ্টা করব; ৩০. ক. যোগব্যায়াম; ৩১. ক. যোগব্যায়াম; ৩২. গ. পরিমিত খাবার; ৩৩. ক. স্নায়ুমণ্ডলী সতেজ হবে; ৩৪. গ. আসন অনুশীলন করতে হবে; ৩৫. গ. সর্বাঙ্গাসন; ৩৬. গ. দল গঠন করে এটি পরিষ্কার করব; ৩৭. ঘ. দেশের কল্যাণের জন্য কঠোর পরিশ্রম করা; ৩৮. গ. রানি বিদুলা; ৩৯. ক. অনুরাগ; ৪০. ক. সত্য; ৪১. ক. ঐতিহ্যের প্রতি সম্মান; ৪২. খ. জীবসেবার আদর্শ দেখাতে; ৪৩. ক. ব্রহ্ম; ৪৪. ক. আরাধনা করা; ৪৫. ক. পারসিকদের; ৪৬. গ. শ্রুতি; ৪৭. ক. পূর্ণদাস; ৪৮. ক. ঈশ্বর সর্বজীবে বিরাজমান বিশ্বাসে; ৪৯. খ. ১৮৯৩ খ্রিষ্টাব্দে; ৫০. ক. বিশ্বামিত্র।

২. ক. জীবের মধ্যে অবস্থানকারী ঈশ্বরকে আত্মা বলে।
খ. দেব-দেবীর মধ্য দিয়ে ঈশ্বরের শক্তির প্রকাশ ঘটে।
গ. স্বর্গে যাওয়ার জন্য আমরা খারাপ কাজ পরিহার করব।
ঘ. ধর্মগ্রন্থ পড়ব।
ঙ. ঈশ্বরের নামে।
চ. নিজের মতে ঠিক থেকে অন্যের মতকে মেনে নেওয়া ও শ্রদ্ধা করাকে পরমতসহিষ্ণুতা বলে।
ছ. 'বশিষ্ঠের অহিংস ধর্ম' কাহিনিটি পাঠ করলে আমি তিনটি চরিত্র দেখতে পাব।
জ. দেহ সবল করার জন্য আমরা প্রতিদিন আসন অনুশীলন করব।
ঝ. দেশ শত্রুর দ্বারা আক্রান্ত হলে দেশপ্রেমিক শত্রুর বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়েন এবং দেশপ্রেমিক যুদ্ধ করে দেশের স্বাধীনতাকে রক্ষা করেন।
ঞ. মন্দির ও সাধু-সন্ন্যাসীদের আশ্রমকে কেন্দ্র করে গড়ে উঠেছে ধর্মক্ষেত্র বা তীর্থক্ষেত্র।
ট. বিষ্ণু বলি রাজাকে বামনরূপে দমন করেছিলেন।
ঠ. দুটি আরণ্যকের নাম হচ্ছে—ঐতরেয়, কৌষীতকি।
ড. শিষ্টাচার কথাটির অর্থ ভদ্র ব্যবহার।
ঢ. ১. মস্তিষ্কের ধারণ শক্তি বাড়ে; ২. কোষ্ঠকাঠিন্য দূর হয়।
ণ. দেশের প্রতি ভালোবাসা এবং দেশের জন্য কাজ করাকে দেশপ্রেম বলা হয়।

Teachingbd.com